



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র/২০১১/১৯০১

তারিখঃ ১২/০৫/২০১৫ইং

প্রেস বিজ্ঞপ্তি

৫৪৩ তম কমিশন সভা অদ্য ১২/০৫/২০১৫ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছেঃ


১. কমিশন আজকের সভায় Bangladesh National Insurance Company Limited এর প্রতিটি ১০.০০ টাকা মূল্যের ১.৭৭ কোটি টি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার অনুমোদন দিয়েছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ১৭.৭০ কোটি টাকা পুঁজি উত্তোলন করে Investment in FDR, Treasury Bond এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩১ শে জুলাই, ২০১৪ সালের সমাপ্ত অর্ধ বৎসরের নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী Extraordinary Income ব্যতীত শেয়ার প্রতি আয় (EPS) ১.০৭ টাকা এবং নেট এ্যাসেট ভ্যালু (NAV) ১৫.৬৫ টাকা। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে Prime Finance Capital Management Limited।
২. Securities and Exchange Ordinance, 1969 এর 20A ধারায় প্রদত্ত ক্ষমতাবলে কমিশন, স্টক ব্রোকারে রক্ষিত গ্রাহক হিসাব পরিচালনার ক্ষেত্রে ইস্যুয়ার কোম্পানি অথবা মিউচুয়াল ফান্ড এর জন্য নিম্নবর্ণিত নির্দেশনা জারি করার সিদ্ধান্ত নিয়েছে। যা নির্দেশনা জারির পর নিম্নের বর্ণনা অনুযায়ী অনতিবিলম্বে কার্যকর হবেঃ

ক) ইস্যুয়ার কোম্পানি অথবা মিউচুয়াল ফান্ড লভ্যাংশ অথবা ভগ্নাংশ বোনাস এর বিক্রয়লব্ধ অর্থ প্রদানের ক্ষেত্রে মার্জিন শ্রেণীভুক্ত গ্রাহকদের বিও হিসাবসমূহের লভ্যাংশের অর্থ একত্রে উক্ত বিও হিসাবসমূহের তালিকাসহ একটি চেক বা ডিভিডেন্ড ওয়ারেন্ট এর মাধ্যমে তাদের সংশ্লিষ্ট ডিপিকে প্রেরণ করবে। উক্ত ডিপি পরবর্তীতে তালিকা অনুযায়ী তা সংশ্লিষ্ট বিনিয়োগকারীদের হিসাবে বন্টন করবে;

খ) স্টক ব্রোকারের অনুমতি ব্যতিত তার কোন মার্জিন গ্রাহক রাইট শেয়ার রিনানসিয়েট করতে পারবে না; এবং

গ) এ ব্যাপারে স্টক ব্রোকার সংশ্লিষ্ট ইস্যুয়ার কোম্পানিকে তাদের মার্জিন গ্রাহকের তালিকা প্রদান করবে।

উল্লেখ্য ইতোপূর্বে কমিশন, মার্চেন্ট ব্যাংকের Non-Discretionary হিসাবসমূহের ক্ষেত্রে নির্দেশনা নং- এসইসি/সিএমএমআরসিডি/২০০৯-১৯৩/১৪২ তাং ডিসেম্বর ৩০, ২০১২ এর মাধ্যমে উক্ত সুবিধা প্রদান করেছিল। একই সুবিধা কমিশনের নির্দেশনা জারির পর থেকে স্টক ব্রোকারের মার্জিন গ্রাহকদের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।


মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র